



ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।  
website: www.bb.org.bd



বিআরপিডি সার্কুলার লেটার নং-৪৭

৩০ নভেম্বর ২০২২  
তারিখ: -----  
১৫ অগ্রহায়ন ১৪২৯

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

**Alternative Investment এর আওতাভুক্ত বিভিন্ন খাতে  
বিনিয়োগের বিপরীতে ঝুঁকিভার (Risk Weight) নির্ধারণ প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার নং-১৮, তারিখঃ ২১ ডিসেম্বর, ২০১৪ এর মাধ্যমে জারিকৃত Guidelines on Risk Based Capital Adequacy (Revised Regulatory Capital Framework for banks in line with Basel III) এবং বিআরপিডি সার্কুলার লেটার নং-৪৮, তারিখঃ ২৯ সেপ্টেম্বর, ২০২০ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। বিআরপিডি সার্কুলার লেটার নং-৪৮/২০২০ এর মাধ্যমে বাংলাদেশে Alternative Investment খাতের প্রসারের স্বার্থে Investments in Venture Capital সহ Alternative Investment এর আওতাভুক্ত সকল খাতে (প্রাইভেট ইকুইটি, ইমপ্যাক্ট ফান্ড ইত্যাদি) বিনিয়োগের বিপরীতে ৩০/০৯/২০২২ তারিখ পর্যন্ত ১৫০% এর পরিবর্তে ১০০% হারে ঝুঁকিভার (Risk Weight) আরোপের নির্দেশনা দেয়া হয়।

৩। এক্ষণে, কোভিড-১৯ এর দীর্ঘমেয়াদী নেতিবাচক প্রভাব ও বহিঃবিশ্বে সাম্প্রতিক যুদ্ধাবস্থা প্রলম্বিত হওয়ার প্রেক্ষাপটে দেশের বিভিন্ন উদ্ভাবনী উদ্যোগ ও নতুন নতুন কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির পাশাপাশি বাংলাদেশে Alternative Investment খাতের প্রসারের স্বার্থে Investments in Venture Capital সহ Alternative Investment এর আওতাভুক্ত সকল খাতে (প্রাইভেট ইকুইটি, ইমপ্যাক্ট ফান্ড ইত্যাদি) বিনিয়োগের বিপরীতে ১০০% হারে ঝুঁকিভার আরোপের সময়সীমা আগামী ৩০/০৯/২০২৪ তারিখ পর্যন্ত বর্ধিত করা হলো।

৪। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আলী আকবর ফরাজী)  
পরিচালক (বিআরপিডি)  
ফোনঃ ৯৫৩০০৯৫